স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২১ উদযাপন উপলক্ষে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে শিশু-কিশোরদের জন্য কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

উপ-কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	:	মোছা: শাহনাজ বেগম অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর।
তারিখ	:	১০/০৮/২০২১ খ্রি.
সময়	:	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	:	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুরের অফিস কক্ষ।

উপস্থিত: পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২১ উদযাপন উপলক্ষে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে শিশু-কিশোরদের জন্য কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার তারিখ অনলাইন ভিত্তিক চিত্রাংকন, রচনা, আবৃত্তি প্রতিযোগিতার বিষয় ও বিচারক মন্ডলী নির্বাচনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত কর্মসূচী ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

১. কর্মসূচী:

জমাদানের তারিখ	প্রতিযোগিতার ধরণ	জমা দেওয়ার সামগ্রিক তথ্য	গ্রুপ/শ্রেণী	প্রতিযোগিতার বিষয়	পুরস্কার বিতরণের স্থান ও তারিখ
১৪/০৮/২১ খ্রি.	রচনা প্রতিযোগিতা	আগামী ১৪/০৮/২০২১ খ্রি. তারিখ বেলা ১২.০০ টার মধ্যে প্রত্যেকটি রচনা সফটকপি (Pdf Format)-এ dcoffice15august@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে	খ-বিভাগ (৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণী)	বঙ্গবন্ধুর ছেলেবেলা (৫০০ শব্দের মধ্যে A4 সাইজের কাগজ)	১৫ আগস্ট বেলা ১২ ঘটিকায় জেলা প্রশাসক, রংপুর এর সম্মেলন কক্ষে পুরস্কার বিতরণ করা হবে।
			গ-বিভাগ (৭ম থেকে ১০ম শ্রেণী)	আমাদের স্বাধীনতা ও বঙ্গবন্ধু (১০০০ শব্দের মধ্যে A4 সাইজের কাগজ)	
	চিত্রাংকন প্রতিযোগিতা	আগামী ১৪/০৮/২০২১ খ্রি. তারিখ বেলা ১২.০০ টার মধ্যে প্রত্যেকটি চিত্রাংকন সফটকপি (Pdf Format)-এ dcoffice15august@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে	ক-বিভাগ (১ম থেকে ৩য় শ্রেণী)	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১৫ আগস্ট বেলা ১২ ঘটিকায় জেলা প্রশাসক, রংপুর এর সম্মেলন কক্ষে পুরস্কার বিতরণ করা হবে।
			খ-বিভাগ (৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণী)	৭ ই মার্চের ভাষণ	
			গ-বিভাগ (৭ম থেকে ১০ম শ্রেণী)	আগস্টের শোকাবহ দিন	
			ঘ-বিভাগ বিশেষ চাহিদা সম্পন্ন	উন্মুক্ত	

			শিশু		
	কবিতা আবৃত্তি	আগামী ১৪/০৮/২০২১ খ্রি. তারিখ বেলা ১২.০০ টার মধ্যে প্রত্যেকটি কবিতা আবৃত্তি রেকর্ডিং ভিডিও/অডিও আকারে dcoffice15august@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে	ক-বিভাগ (১ম থেকে ৩য় শ্রেণী) (মুখস্থ আবৃত্তি করতে হবে)	মুজিব- মুহাম্মদ সামাদ (প্রথম ৮ লাইন)	১৫ আগস্ট বেলা ১২ ঘটিকায় জেলা প্রশাসক, রংপুর এর সম্মেলন কক্ষে পুরস্কার বিতরণ করা হবে।
			খ-বিভাগ (৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণী) (মুখস্থ আবৃত্তি করতে হবে)	ডাকিছে তোমারে- সুফিয়া কামাল (প্রথম ৮ লাইন)	
			গ-বিভাগ (৭ম থেকে ১০ম শ্রেণী) (মুখস্থ আবৃত্তি করতে হবে)	আগস্ট শোকের মাস, কাঁদো – নির্মলেন্দু গুণ (প্রথম ০৯ লাইন)	

প্রত্যেক প্রতিযোগীকে আবশ্যিকভাবে চিত্রাঙ্কন, রচনা এবং কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় নিম্নোক্ত অংশ পূরণ করে পাঠাতে হবে। এক্ষেত্রে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় লেখার প্রথম পাতায় এবং কবিতা আবৃত্তি সংলগ্ন ই-মেইলে নিম্নোক্ত অংশ সংযুক্ত করতে হবে। কবিতা আবৃত্তির ক্ষেত্রে আবৃত্তির শুরুতে নাম, শ্রেণী, বিদ্যালয়ের নাম ও মোবাইল নম্বর দিয়ে শুরু করতে হবে।

নাম:	মাতার নাম:	শ্রেণী:	শিক্ষা প্রতিষ্ঠানের নাম:
পিতার নাম:	উপজেলার নাম:	রোল:	মোবাইল নম্বর:

২. সভায় উক্ত প্রতিযোগিতার বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত বিচারক মন্ডলীর প্যানেল গঠন করা হলো:

কবিতা আবৃত্তি প্রতিযোগিতা:

(ক) জনাব আনোয়ারুল ইসলাম রাজু, প্রশিক্ষক, শিল্পকলা একাডেমী, রংপুর।
(খ) মিজ সোহেলী আক্তার, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, রংপুর সরকারি কলেজ, রংপুর।
(গ) জনাব নাসরিন সুলতানা দিপ্তী, প্রশিক্ষক, বাংলাদেশ শিশু একাডেমী, রংপুর।

চিত্রাংকন প্রতিযোগিতা:

(ক) জনাব তনুকা ভৌমিক, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।
(খ) জনাব নিশিত কুমার কুন্ডু, প্রভাষক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর।
(গ) জনাব রাশিদুল ইসলাম বাসু, প্রশিক্ষক ও চিত্রাংকন শিক্ষক, জেলা শিল্পকলা একাডেমী,রংপুর।

রচনা প্রতিযোগিতা:

(ক) প্রফেসর মোহাম্মদ শাহ আলম, সাবেক বিভাগীয় প্রধান (বাংলা বিভাগ), সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর।
(খ) মোতাহার হোসেন সুজন, সহযোগী অধ্যাপক (বাংলা বিভাগ), রংপুর সরকারি কলেজ, রংপুর।
(গ) জনাব শাহরিনা দিলরুবা, সহকারি জেলা শিক্ষা অফিসার, রংপুর।

উপরোক্ত বিচারকগণ ১৪/০৮/২১ তারিখ বেলা ২.৩০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের ৩য় তলায় কম্পিউটার ল্যাব ভেন্যুতে বিচারকার্য সম্পন্ন করবেন।

৩. বিবিধ বিষয়:

১. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২১ উদযাপন উপলক্ষে চিত্রাংকন, রচনা, কবিতা আবৃত্তি প্রতিযোগিতার পুরস্কার, সার্টিফিকেট ও বিচারকের সম্মানী সরবরাহ করার জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুর ও জেলা কালচারাল অফিসার, রংপুর কে অনুরোধ জানানো হলো।

২. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২১ উদযাপন উপলক্ষে আয়োজিত বিভিন্ন বিষয়ে আগ্রহী অংশগ্রহণকারীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল) প্রধানদের পত্র দেয়ার জন্য জেলা শিক্ষা অফিসার, রংপুর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর সহ জেলা কালচারাল অফিসার, রংপুর, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুর, সহকারি পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুরকে সার্বিক সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩. উল্লিখিত প্রতিযোগিতার বিষয়গুলো ব্যাপক প্রচারের জন্য বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুরকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে দেয়ার জন্য আইসিটি শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা, রংপুর এবং প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর ও সহকারি প্রোগ্রামার, সদর উপজেলা, রংপুরকে অনুরোধ করা হলো।

৪. জনাব মোছা: মলিহা খানম, সহকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শিক্ষা ও কল্যাণ শাখা রংপুর ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুরকে সার্বিক বিষয়ে তদারকি করার জন্য অনুরোধ করা হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ-

(মোছা: শাহনাজ বেগম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রংপুর
ও
আহবায়ক
কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজিত
গঠিত উপ-কমিটি, ২০২১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রংপুর
www.rangpur.gov.bd

স্মারক নম্বর-০৫.০০.৮৫০০.০০৪.০০.০০০.২১- ২৬(২৫)

তারিখ: ২০ আগস্ট, ২০২১ খ্রি. / ২৬ শ্রাবণ, ১৪২৮ ব.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। জেলা প্রশাসক, রংপুর।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব/সার্বিক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৫। নেজারত ডেপুটি কালেক্টর, রংপুর।

৬। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।

৭। .....

.....

২০/৮/২১

(মোছা: শাহনাজ বেগম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রংপুর

মুজিব
মুহাম্মদ সামাদ

মুজিব আমার স্বপ্ন-সাহস
মুজিব আমার পিতা
মুজিব আমার শৌর্যে-বীর্যে
নন্দিত সংহিতা

মুজিব আমার শিরায় শিরায়
রক্তে রক্তে প্রেম
মুজিব আমার ভালোবাসার
সূর্য-সবুজ হেম

আগস্ট শোকের মাস, কাঁদো
--নির্মলেন্দু গুণ

এসেছে কান্নার দিন, কাঁদো বাঙালি, কাঁদো।
জানি, দীর্ঘদিন কান্নার অধিকারহীন ছিলে তুমি,
হে ভাগ্যহত বাংলার মানুষ, আমি জানি,
একুশ বছর তুমি কাঁদতে পারোনি। আজ কাঁদো।
আজ প্রাণ ভরে কাঁদো, এসেছে কান্নার দিন,
দীর্ঘ দুই-দশকের জমানো শোকের ঋণ
আজ শোধ করো অনন্ত ক্রন্দনে।

তোমার বক্ষমুক্ত ক্রন্দনের আবেগী উচ্ছ্বাসে
আজ ভেসে যাক, ডুবে যাক এই বঙ্গীয় বদ্বীপ।

ডাকিছে তোমারে
সুফিয়া কামাল

এই বাংলার আকাশ- বাতাস, সাগর- গিরি ও নদী
ডাকিছে তোমারে বঙ্গবন্ধু, ফিরিয়া আসিতে যদি
হেরিতে এখনও মানবহৃদয়ে তোমার আসন পাতা
এখনও মানুষ স্মরিছে তোমারে, মাতা- পিতা- বোন- ভ্রাতা।

যত অসহায় অক্ষম আর উপেক্ষিতরা সব
করুণ নয়নে হেরিছে এ- দেশ বিলাসের উৎসব
শূন্য উদরে সুরম্য পথে চলিতে চলিতে তারা
ভাবিছে তোমারে এ-দেশে আবার আসিয়া বসিল কারা?